

একই স্বাক্ষর ও তারিখে স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫-১৪৫৩

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২  
১৭ জুলাই ২০২৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা ২০২৫ সম্পর্কে অবহিতকরণ।

সূত্র: ১৫ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছর সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা আগামী ডিসেম্বর ২০২৫-এ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সম্পর্কিত তথ্যাদি নিম্নে উল্লিখিত হলো:

ক) ৪ (চার) টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে:

১। বাংলা

২। ইংরেজি

৩। প্রাথমিক গণিত

৪। বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান (৫০%+৫০%)

প্রতিটি বিষয়ে পূর্ণমান হবে ১০০ এবং পরীক্ষার সময় ২.৩০ ঘণ্টা।

খ) বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ:

২১,২২, ২৩ ও ২৪ ডিসেম্বর ২০২৫

গ) বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ:

১। সরকারি প্রাথমিক বিদ্যালয়

২। পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়

৩। সরকারি মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়।

উল্লেখ্য, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় থেকে পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক।

ঘ) অংশগ্রহণকারীর হার:

১ম সাময়িক পরীক্ষার মূল্যায়নের ভিত্তিতে ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সর্বোচ্চ ৪০%।

২। উল্লিখিত তথ্য অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)


.....উপজেলা .....জেলা।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫-১৪৫৩

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩২  
১৭ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/রংপুর/সিলেট/বরিশাল।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), .....জেলা।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপিঃ) ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি।

  
মোহাম্মদ নজরুল ইসলাম  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

  
মোহাম্মদ নজরুল ইসলাম  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)